

**AKASHVANI(AIR)
RNU:KOLKATA
BengaliText Bulletin**

Date 21-12-2025

Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবর -

- ১) কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গের দ্রুত উন্নয়নে দৃঢ় সংকল্প হলেও ক্ষমতাসীম ত্থণ্ডুল কংগ্রেসের কারণেই তা সম্ভব হচ্ছে না বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মন্তব্য করেছে।
- ২) SIR-এর শুনানি পর্বে আরও স্বচ্ছতা আনতে কেন্দ্রীয় সরকারী আধিকারিকদের মাইক্রো অবজারভার হিসেবে নিয়োগের প্রস্তুতি শুরু করল নির্বাচন কমিশন।
- ৩) রাজ্যের সশস্ত্র পুলিশ বাহিনীর পরিকাঠামো টেলে সাজাতে সাঁজোয়া গাড়ি এবং বিশেষ অস্ত্র পরিবহণকারী যান কেনার প্রক্রিয়া শুরু হয়েছে।
- ৪) আর এস এস-এর শতবর্ষ পূর্তি উপলক্ষে সরসংঘ চালক মোহন ভাগবত আজ সায়েন্সিটি প্রেক্ষাগৃহে সমাজের বিশিষ্ট ব্যক্তিদের সঙ্গে মিলিত হবেন।
- ৫) রাজ্য চতুর্থ শ্রেণীর বৃত্তি পরীক্ষার ফল আজ প্রকাশিত হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গের দ্রুত উন্নয়নে দৃঢ় সংকল্প হলেও, ক্ষমতাসীম ত্থণ্ডুল কংগ্রেসের কারণেই তা সম্ভব হচ্ছে না বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মন্তব্য করেছেন। গতকাল ভার্চুয়াল মাধ্যমে নদিয়ার তাহেরপুরে বিজেপির 'পরিবর্তন সংকল্প' সভার ভাষণে শ্রী মোদী বলেন, বিজেপি এবং প্রধানমন্ত্রীর বিরোধিতা করতে গিয়ে রাজ্যের শাসক দল

মানুষের কল্যাণে বাধা দিচ্ছে। রাজ্যের উন্নয়নের হাজার কোটি টাকার প্রকল্প আটকে রয়েছে। মানুষের কাছে বিজেপিকে উন্নয়নের সুযোগ দেওয়ার অনুরোধ করেন তিনি।

(বাইট - প্রধানমন্ত্রী/ বিকাশ)

রাজ্যের অনুপ্রবেশকারীদের রক্ষা করতেই তৃণমূল কংগ্রেস SIR-এর বিরোধিতা করছে বলেও মন্তব্য করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মন্তব্য করেছেন।

প্রধানমন্ত্রী বলেন, বাংলা ভাষা ভারতের ইতিহাস, সংস্কৃতিকে সমৃদ্ধ করেছে। ঋষি বঙ্গিমচন্দ্র চট্টোপাধ্যায় 'বন্দে মাতরম'-এর মাধ্যমে যে নতুন চেতনার উন্মোচ ঘটিয়েছিলেন, তাইই বিকশিত ভারতের প্রেরণ। মতুয়া সমাজের অবদানের কথাও এদিন উঠে আসে শ্রী মোদির ভাষণে।

কুয়াশার কারণে দৃশ্যমানতা কম থাকায় প্রধানমন্ত্রীর চপার তাহেরপুরে নামতে পারেনি। কলকাতা বিমানবন্দর থেকেই তিনি জনসভায় ভার্চুয়ালি বক্তব্য রাখেন। নদিয়ায় ৩ হাজার ২০০ কোটি টাকার দুটি প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেন রাজ্যপাল সি ভি আনন্দ বোস।

এদিনের সভায় বক্তব্য রাখেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার, শান্তনু ঠাকুর, দলের রাজ্য সভাপতি সাংসদ শমীক ভট্টাচার্য, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী প্রমুখ। কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার বলেন, এস আই আর-এ কারো নাম না থাকলে তার দায় মুখ্যমন্ত্রীকে দিতে হবে।

(বাইট - সুকান্ত/এসআইআর)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

এসআইআর প্রক্রিয়ায় যাতে মতুয়া সম্প্রদায়ের কোন মানুষের নাম বাদ না যায় সেজন্য কেন্দ্রীয় সরকার কে অধ্যাদেশ আনার প্রস্তাব তিনি দিয়েছিলেন বলে প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী মন্তব্য করেন। এই দাবি তিনি রাষ্ট্রপতির কাছেও

করেছেন বলে জানিয়েছেন অধীর বাবু। তিনি বলেন, প্রধানমন্ত্রী বা কেন্দ্রের সরকার মনে করলে মতুয়াদের নাম এসআইআর তালিকায় রাখা সম্ভব।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ার শুনানি পর্বে স্বচ্ছতা আরও জোরদার করতে কেন্দ্রীয় সরকারি আধিকারিকদের মাইক্রো অবজার্ভার হিসেবে নিয়োগের প্রস্তুতি শুরু করল নির্বাচন কমিশন। বিভিন্ন শুনানি কেন্দ্রে মূলত কেন্দ্রের গ্রুপ বি বা তার উর্ধ্বর্তন পদমর্যাদার আধিকারিকদেরই এই দায়িত্ব দেওয়া হবে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রে জানা গিয়েছে। এই সংক্রান্ত প্রস্তুতি ও সমন্বয় নিয়েই গতকাল কেন্দ্রের অধীনস্থ একাধিক দফতরের বিভাগীয় প্রধানদের সঙ্গে বৈঠক করেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল ও তাঁর দপ্তরের পদস্থ কর্তারা। বৈঠকে কোল ইন্ডিয়া, ডিভিসি, আয়কর বিভাগ, আরবিআই, মেট্রো রেল-সহ মোট ১৬টি কেন্দ্রীয় দফতরের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। শুনানি পর্বে কী ভাবে দায়িত্ব পালন করতে হবে, কী কী বিষয়ে নজর রাখতে হবে, তা নিয়েই মূলত আলোচনা হয়েছে বলে সূত্রের খবর। ২৪ তারিখ মাইক্রো অবজার্ভার হিসেবে নিযুক্ত আধিকারিকদের জন্য বিশেষ প্রশিক্ষণের আয়োজন করা হচ্ছে বলে জানা গিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

এদিকে, এস আই আর-এর কাজে বয়কটের হাঁশিয়ারী দিয়ে সিইও অফিস অভিযানের আহ্বান জানিয়েছেন, তৃণমূলপন্থী বিএলও অধিকার রক্ষা মঞ্চ। মঞ্চের অভিযোগ, বিএলও অ্যাপে নতুন নতুন অপশন যুক্ত করা হচ্ছে। পরিবর্তন করা হচ্ছে নির্দেশিকাতেও। এরই প্রতিবাদে এই কর্মসূচী বলে সংগঠনের তরফে জানানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রদেশ কংগ্রেসের পক্ষ থেকে গতকাল কলকাতায় রানী রাসমণি রোডে শত কষ্টে সংবিধানের প্রস্তাবনা পাঠের কর্মসূচি নেওয়া হয়। বাংলা, হিন্দি, উর্দু ও ইংরেজিতে পাঠ করা হয় প্রস্তাবনা। উপস্থিত ছিলেন প্রদেশ কংগ্রেস সভাপতি শুভক্ষে সরকার, AICC র সাধারণ সম্পাদক গোলাম আহমেদ মীর সহ বিভিন্ন শাখার নেতৃবৃন্দ। বিভিন্ন ধর্মের

মানুষও প্রস্তাবনা পাঠে অংশ নেন। প্রদেশ কংগ্রেস সভাপতি শুভক্ষর সরকার মহাত্মা গান্ধীর নামাঙ্কিত ১০০ দিনের প্রকল্পের নাম বদলের কড়া সমালোচনা করেন। তৎমূল কংগ্রেস সরকারের ব্যাপক দুর্নীতির প্রসঙ্গও উত্থাপন করেন তিনি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের সশস্ত্র পুলিশ বাহিনীর পরিকাঠামো ঢেলে সাজাতে সাঁজোয়া গাড়ি এবং বিশেষ অস্ত্র পরিবহণকারী যান কেনার প্রক্রিয়া শুরু হয়েছে। এই উদ্দেশ্যে ব্যারাকপুরে সশস্ত্র পুলিশের ডেপুটি ইস্পেক্টর জেনারেলের দফতর থেকে ইতিমধ্যেই দরপত্র ডাকা হয়েছে। প্রশাসনিক সূত্রে জানা গিয়েছে, রাজ্য সরকার মোট ১২টি লাইট আর্মড ভেহিকল কেনার পরিকল্পনা করেছে। এই সাঁজোয়া যানগুলির আনুমানিক খরচ ধরা হয়েছে প্রায় ৮ কোটি টাকা। এর পাশাপাশি অস্ত্র ও গোলাবারুদ নিরাপদে বহনের জন্য দু'টি বিশেষ কনটেনার বড় মাউন্টেড যান কেনার প্রস্তাব রয়েছে, যার জন্য খরচ হবে আরও প্রায় ৮২ লক্ষ টাকা। সব মিলিয়ে এই প্রকল্পে মোট প্রস্তাবিত ব্যয় প্রায় ৮ কোটি ৮২ লক্ষ টাকা। পুলিশ সূত্রের খবর, সংবেদনশীল আইনশৃঙ্খলা পরিস্থিতি, বড় জনসমাবেশ, দুর্যোগ মোকাবিলা কিংবা ঝুঁকিপূর্ণ এলাকায় মোতায়েনের সময় সশস্ত্র পুলিশের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সেই কারণেই বাহিনীর কর্মীদের সুরক্ষা এবং দ্রুত চলাচলের সুবিধা বাঢ়াতে এই সাঁজোয়া যান যুক্ত করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২৮ শে ডিসেম্বর (রবিবার) আকাশবাণীতে "মন-কি-বাত" অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২৯-তম পর্ব। বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও "মন-কি-বাত" সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার

পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে। নিঃশব্দ নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রাথমিক শিক্ষা উন্নয়ন পর্ষদ (পশ্চিমবঙ্গ)-র উদোগে ২০২৫ সালের চতুর্থ শ্রেণির বৃত্তি পরীক্ষার ফল আজ প্রকাশ করা হবে। গত ৯ অক্টোবর এই পরীক্ষা শুরু হয়, চলে ১৪ই অক্টোবর পর্যন্ত। আজ দুপুর ৩টায় কলকাতা প্রেস ক্লাবে একটি সাংবাদিক সম্মেলনের মাধ্যমে রেজাল্ট প্রকাশ করা হবে বলে পর্ষদ সূত্রের খবর।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাষ্ট্রীয় স্বয়ংসেবক সজ্জের শতবর্ষ পূর্তি উপলক্ষ্যে সর সজ্জচালক ডষ্টর মোহন ভাগবত আজ কলকাতার সায়েন্স সিটি পেক্ষাগৃহে সমাজের বিশিষ্ট ব্যক্তিদের সঙ্গে মিলিত হবেন। সারাদিনব্যাপী এই কার্যক্রমে তিনটি পর্বে তিনি রাষ্ট্র গঠনের প্রেক্ষিতে সমাজে সজ্জের লক্ষ্য ও বার্তা নিয়ে আলোচনা করবেন। শিক্ষাবিদ, লেখক, চলচিত্র পরিচালক প্রমুখ সমাজের বিভিন্ন স্তরের প্রবুদ্ধজনেদের সঙ্গে বার্তালাপের পাশাপাশি থাকবে প্রশ্নোত্তর পর্বও।

এদিকে এই অনুষ্ঠানে পুলিশের অনুমতি নিয়ে গতকাল জটিলতা সৃষ্টি হয়। গত সন্ধ্যায় বিষয়টি নিয়ে জরুরি ভিত্তিতে শুনানি হয় কলকাতা হাইকোর্টে। বিচারপতি কৃষ্ণ রাওয়ের বেঞ্চে রাজ্যের আইনজীবী জানান, পুলিশের এই অনুষ্ঠান করা নিয়ে কোন আপত্তি নেই। ভুল ইমেল ঠিকানা দেওয়ার কারণে অনুমতি পত্র মেইলে পাঠানো যাচ্ছিল না বলে আদালতে জানান তিনি। রাত ৯ টার মধ্যে আর এস এসের প্রতিনিধিকে গিয়ে লালবাজার থেকে অনুমতি পত্র সংগ্রহ করতে বলেন বিচারপতি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী ও পিপল ফর অ্যানিম্যালস (PFA)-এর চেয়ারপার্সন মানেকা সঞ্জয় গান্ধী বলেছেন, চলচিত্র হলো একটি অত্যন্ত প্রভাবশালী সাংস্কৃতিক মাধ্যম যা দিয়ে

প্রাকৃতিক পরিবেশ এবং বন্যপ্রাণ সম্পর্কে মানুষের মধ্যে সচেতনতা তৈরি করা যায় বলেছেন। ফিল্ম ফেডারেশন অফ ইন্ডিয়া ও পিপল ফর অ্যানিম্যালস-এর সহযোগিতায়, ভারতের সহানুভূতিশীল এবং সমাজ সচেতন চলচিত্র নির্মাণকে উৎসাহ দিতে আয়োজিত অনুষ্ঠানে তিনি একথা বলেন।

(বাইট - মানেকা গান্ধী)

মা কা দুধ ছবির জন্য ডঃ হর্ষ আত্মাকুরি বন্যপ্রাণ সচেতনতার উপর চলচিত্র নির্মাণ করে সিনেকাইন্ড কম্প্যাশন অ্যাওয়ার্ড পেয়েছেন। নৈতিক চিন্তাভাবনার প্রেক্ষিতে অনুসন্ধানী গল্প বলার জন্য ডিরেক্টর অফ চেঞ্জ অ্যাওয়ার্ড পেলেন দ্য ল্যান্ড অফ অহিংসা ছবির জন্য ডলি ব্যাস-আভজা ও আর্যমান রামসে। কিপার অফ দ্য লাস্ট হার্ড ছবির জন্য সিনেমাটিক ইমপ্যাক্ট অ্যাওয়ার্ড পেয়েছেন নির্মল ভার্মা। এছাড়াও আরো ছ(৬) জন গতকাল পুরস্কৃত হন।

উদ্যোগাদের পক্ষে ফিল্ম ফেডারেশন অফ ইন্ডিয়ার (FFI) সভাপতি ফিরদাউসুল হাসান, বলেন, শুধুমাত্র চলচিত্র নয়, বন্যপ্রাণ নিয়ে সচেতনতার ক্ষেত্রে কাজ করা বিভিন্ন অসরকারি সংগঠন ও সাহিত্যের ক্ষেত্রেও এই সম্মান দেওয়া হয়েছে।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যের মন্ত্রী ও বিশিষ্ট নাট্য ব্যক্তিত্ব ব্রাত্য বসু, বাবুল সুপ্রিয়, অভিনেত্রী দেবশ্রী রায়, অভিনেতা পরিচালক অরিন্দম শীল, প্রাক্তন সাংসদ ও বিশিষ্ট আইনজীবী বিকাশ রঞ্জন ভট্টাচার্য সহ বিশিষ্টজনেরা। অনুষ্ঠানে অভিনেত্রী দেবশ্রী রায় আকাশবাণীকে বলেন, বন্যপ্রাণ অরণ্য, মানুষ সবকিছু সমানভাবে বেঁচে থাকলেই পৃথিবী সুন্দর থাকবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বন্দেমাতরম স্তোত্রের সার্ধ শতবর্ষ উদযাপনের অঙ্গ হিসাবে গতকাল সুন্দরবনের বাসন্তী তে শুরু হয়েছে ২৯ তম সুন্দরবন কৃষ্ণ মেলা ও লোকসংস্কৃতি উৎসব। দীর্ঘ পাঁচ কিলোমিটার বর্ণাত্য শোভাযাত্রার মাধ্যমে শুরু এই উৎসবের উদ্বোধন করেন কলকাতা হাইকোর্টের প্রাক্তন বিচারপতি সম্মুদ্দেশ চক্রবর্তী। কুলতলি মিলন তীর্থ সোসাইটির উদ্যোগে এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রকের অধীনস্থ সেন্ট্রাল ব্যুরো অফ কমিউনিকেশন এর

কলকাতা ও চুঁচুড়া শাখার সহযোগিতায় আয়োজিত উৎসবে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রেস ইনফরমেশন ব্যরোর মহা নির্দেশক টি ভি কে রেডি, একটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের প্রো ভাইস চ্যাঙ্গেলর প্রফেসর ডঃ ধ্রুবজ্যোতি চট্টোপাধ্যায় প্রমুখ। উদ্বোধনী ভাষণে মেলা কমিটির চেয়ারম্যান লোকমান মোল্লা সুন্দরবন বাসীর সুবিধার্থে ক্যানিং ঝড়খালি রেললাইন সম্প্রসারণের কাজ পুনরায় শুরু করা এবং সুন্দরবনে জাতীয় কোস্টাল কৃষি বিশ্ববিদ্যালয় স্থপনার দাবি জানান। সরকারি, বেসরকারি মিলিয়ে প্রায় দুশটি সংস্থা এবারের মেলায় অংশ নিচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০